**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 11-08-24** **Desk in Charge :**
**Time : 7-35 A.M.** **Compiling :**
**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত সঞ্জয় রায়ের ১৪ দিনের পুলিশ হেফাজত। # মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ঘৃণ্য এই অপরাধের ফাস্টট্র্যাক কোর্টে বিচার হওয়া উচিত বলে মত প্রকাশ করেছেন।

২/ সি বি আই বা বিচার বিভাগীয় তদন্তের দাবী করেছে বিজেপি।

৩/ আর জি করে চিকিৎসক খুনের ঘটনায় রাজ্যজুড়ে প্রতিবাদ বিক্ষোভে সামিল হয়েছেন চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীরা।

৪/ প্রশংসনীয় কর্মদক্ষতার জন্য রাজ্য পুলিশের চার শীর্ষ আধিকারিককে এবার মুখ্যমন্ত্রীর পদকে সম্মানিত করা হবে।

৫/ স্বাধীনতা আন্দোলনে শহীদ বীর বিপ্লবী ক্ষুদিরাম বসুর আজ ১১৭-তম আত্ম-বলিদান দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে।

৬/ ঘূর্ণাবর্ত ও সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে রাজ্যের সবকটি জেলাতে আগামী তিন-চারদিন হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস।

*************************************************************

আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে পোস্ট গ্রাজুয়েট ট্রেনি চিকিৎসক-কে ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত সঞ্জয় রায়-এর ১৪ দিনের পুলিশ

হেফাজত হয়েছে। গতকাল তাকে শিয়ালদা আদালতে তোলা হয়। সিসিটিভি ফুটেজ এবং অন্যান্য তথ্যের ভিত্তিতে দক্ষিণ কলকাতার কালীঘাটের বাসিন্দা ওই ব্যক্তিকে পুলিশ আটক করে। সঞ্জয় রায় হাসপাতালের কর্মী না হলেও, সেখানে তার অবাধ যাতায়াত ছিল বলে জানা গেছে।

টানা জিজ্ঞাসাবাদের পর গতকাল তাকে হেফাজতে নেয় পুলিশ। ঘৃন্য এই অপরাধের জন্য তার সর্বোচ্চ শাস্তি হওয়া উচিত বলে কলকাতা পুলিশের কমিশনার বিনীত গোয়েল  সাংবাদিকদের কাছে জানিয়েছেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও ঘৃণ্য এই অপরাধের ফাস্টট্র্যাক কোর্টে বিচার হওয়া উচিত বলে মত প্রকাশ করেছেন। গতকাল একটি বেসরকারী টিভি চ্যানেলকে দেওয়া সাক্ষাৎকারে মুখ্যমন্ত্রী বলেন, এই ঘটনার সিবিআই তদন্ত হলেও রাজ্য সরকারের কোন আপত্তি থাকবে না।

(বাইট – মমতা)

গতকাল তিনি মৃতার বাবাকে ফোন করে পাশে থাকার আশ্বাস দেন। হাসপাতাল কর্তৃপক্ষ এই ঘটনার তদন্তের জন্য ১১ সদস্যের একটি কমিটি গঠন করেছে।

এদিকে, আর জি কর-এ এই ভয়াবহ ঘটনার প্রেক্ষিতে নবান্নে উচ্চ পর্যায়ের বৈঠকে বসেন মুখ্য সচিব ভগবতী প্রসাদ গোপালিকা। বেলগাছিয়া ট্রাম ডিপোতে আর জি কর হাসপাতালের অ্যানেক্স বিল্ডিং-এর জন্য জমি দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। শহরের হাসপাতালগুলির নিরাপত্তা বাড়ানো, হাসপাতালের প্রতিটি ঢোকা-বেরনোর দরজায় সিসিটিভি লাগানো এবং নিরাপত্তা কর্মীর সংখ্যা বাড়ানোর ব্যাপারেও আলোচনা হয়েছে।  রাজ্যের স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম, পুর ও নগরোন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম, পুলিশ কমিশনার সেখানে উপস্থিত ছিলেন।

এর আগে স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম, মুখ্যমন্ত্রীর নির্দেশে আর জি কর-এ চিকিৎসকদের সঙ্গে বৈঠক করেন। তাদের বিভিন্ন দাবি-দাওয়া গুরুত্ব সহকারে রাজ্য সরকার দেখবে বলে আশ্বাস দেন তিনি।

*********************

আর জি কর মেডিক্যাল কলেজে চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের প্রতিবাদে সরব হয়েছেন, রাজ্যের বিভিন্ন মেডিক্যাল কলেজের পড়ুয়া ও চিকিৎসকরা। কলকাতার বিভিন্ন হাসপাতাল ছাড়াও, বর্ধমান, বাঁকুড়া, রামপুরহাট, মেদিনীপুর, পুরুলিয়া, মালদা, কল্যাণী মেডিক্যাল কলেজে কর্মবিরতিতে সামিল হন জুনিয়ার ডাক্তাররা। তবে জরুরী পরিষেবা চালু ছিল। কলকাতা শহরে গতকাল চিকিৎসক-পড়ুয়াদের একটি মিছিলকে কেন্দ্র করে আর জি কর চত্ত্বর রণক্ষেত্রের রূপ নেয়। দুপুরে, NRS মেডিক্যাল কলেজ থেকে একটি মিছিল বেরিয়ে আর জি করের উদ্দেশে যায়। সেখানে বাম সংগঠনগুলির একটি জমায়েত ছিল। বিক্ষোভকারীরা আর জি কর মেডিক্যাল কলেজে ঢুকতে গেলে, পুলিশ তাঁদের বাধা দেয়। পুলিশী বাধার মুখে শুরু হয় খন্ডযুদ্ধ, চলে ব্যারিকেড ভাঙার চেষ্টা। পুলিশকে লক্ষ্য করে চপ্পল ছোঁড়া হয় বলেও অভিযোগ। পুলিশের বিরুদ্ধেও বেধড়ক মারধোরের অভিযোগ তুলেছেন বিক্ষোভকারীরা।
কলকাতা পুলিশের ডি সি নর্থ অভিষেক গুপ্তা দাবী করেন, বাইরের লোকেরা ঝামেলা পাকানোর চেষ্টা করেছিল। পুলিশ সংযত হয়ে পরিস্থিতি মোকাবিলা করেছে। আর জি কর-এর বিক্ষোভরত ছাত্র সংগঠন'ও চায়নি, যে বাইরের লোক হাসপাতালে ঢুকে পড়ুক।
ঘটনাস্থলে যান CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম'ও। তিনি অভিযোগ করেন, নৃশংস এই ঘটনা ধামাচাপা দেবার চেষ্টা করছে সরকার।

*********************

বিজেপি আরজিকরের ঘটনায় সিবিআই তদন্ত অথবা বিচার বিভাগীয় তদন্তের দাবি জানিয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল পরিবারের সঙ্গে দেখা করেন। ঘটনাটি ধামাচাপা দেওয়ার চেষ্টা করা হচ্ছে বলে অভিযোগ করেছেন তিনি।

বাইট- সুকান্ত

আর জি করের ঘটনার প্রতিবাদে সুকান্ত মজুমদারের নেতৃত্বে বিজেপি গতকাল কলকাতায় একাডেমি অফ ফাইন আর্টসের সামনে মোমবাতি নিয়ে মৌন মিছিল করে।

গতকাল নির্যাতিতা চিকিৎসকের পরিবারের সঙ্গে দেখা করতে যান প্রবীণ তৃনমূল কংগ্রেস নেতা তথা সাংসদ সৌগত রায়, রাজ্যের মন্ত্রী শোভনদেব চট্ট্যোপাধ্যায় প্রমুখ। পরে সাংবাদিকদের কাছে শোভনদেব বাবু বলেন, দল চাই অপরাধীর সর্ব্বোচ্চ শাস্তি হোক। সৌগত রায়, এই ঘটনায় আরো কেউ জড়িত আছে কিনা সে প্রশ্ন তোলেন।

সিপিআই-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী এবং দীপ্সিতা ধরও গতকাল নিহত চিকিৎসকের বাড়িতে যান। পরে সাংবাদিকদের সুজনবাবু বলেন-

বাইট-সুজন

প্রদেশ কংগ্রেসের এক প্রতিনিধি দল গতকাল রাজ্যপাল সিভি আনন্দ বোসের সঙ্গে সাক্ষাৎ করে আরজি করের তরুণী চিকিৎসককে ধর্ষণ করে খুনের ঘটনার বিচার বিভাগীয় তদন্তের দাবি জানিয়েছে। পাশাপাশি আমতায় এক নাবালিকাকে ধর্ষণ ও খুনের তদন্তে রাজ্যপালের হস্তক্ষেপ চেয়েছে তাঁরা। কংগ্রেসের প্রতিনিধি দলে ছিলেন অসিত মিত্র, কৃষ্ণা দেবনাথ প্রমুখ। চিকিৎসক কে ধর্ষণ করে খুনের  ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে কঠোরতম ব্যবস্থা গ্রহণ ও যথাযথ নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়ে আরজি কর মেডিকেল কলেজে হাসপাতালের অধ্যক্ষ ও সুপারকে চিঠি দেওয়া হয়েছে।

R-G কর হাসপাতালে স্নাতোকোত্তর পড়ুয়া চিকিৎসকের হত্যার ঘটনায় ফরোয়ার্ড ব্লক বিচার বিভাগীয় তদন্ত ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে। দলের বাংলা কমিটির সম্পাদক নরেন চট্টোপাধ্যায় গতকাল হাই কোর্টের নজরদারিতে বিচার বিভাগীয় তদন্তের জন্য রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানান। পাশাপাশি রাজ্যের প্রতিটি হাসপাতালে ডাক্তার ও স্বাস্থ্যকর্মীদের যথাযোগ্য নিরাপত্তার ব্যবস্থা গ্রহণের দাবীও তোলা হয়েছে।

জঘন্য এই ঘটনায় চিকিৎসক, স্বাস্থ্য কর্মী ও সাধারণ কর্মীদের সুষ্ঠু পরিষেবা দেওয়ার পক্ষে ভীতিপ্রদ ও চূড়ান্ত নিরাপত্তাহীন পরিবেশ তৈরি হলো বলে পশ্চিমবঙ্গ সরকারি কর্মচারী ইউনিয়ন মত প্রকাশ করেছে। দলের সাধারণ

সম্পাদক শুভাশিস দাস অবিলম্বে নিরাপত্তার দায়িত্বে থাকা ব্যক্তি সহ নেপথ্যে থাকা সকলের গ্রেপ্তার ও দৃষ্টান্ত মূলক শাস্তির দাবী জানিয়েছেন।
এই ঘটনায় পূর্ণাঙ্গ বিচারবিভাগীয় তদন্ত করে দোষীদের শাস্তি নিশ্চিত করার দাবি জানিয়েছে যাদবপুর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি JUTA।

*********************

নাগরিকদের মধ্যে দেশপ্রেমের বোধ জাগ্রত করতে সারা দেশে শুরু হয়েছে দেশে হর ঘর তিরাঙ্গা অভিযান। চলবে ১৫ আগস্ট পর্যন্ত।

অ্যান্থেম

এই কর্মসূচীর অঙ্গ হিসাবে দেশবাসীকে তাদের বাড়িতে ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলন করা, তিরঙ্গার সঙ্গে সেলফি তোলা এবং 'হর ঘর তিরঙ্গা' ওয়েবসাইটে তা আপলোড করার আহ্বান জানানো হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও এই কর্মসূচীতে সকলকে যোগ দেওয়ার আবেদন জানিয়েছেন।

*********************

আকাশবাণী কলকাতার আঞ্চলিক সংবাদ বিভাগ, অস্থায়ী ভিত্তিতে বাংলায় এডিটর, সংবাদ পাঠক তথা অনুবাদক, রিপোর্টার এবং প্রয়োজনায় সহায়তাকারী ব্রডকাস্ট অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করবে। প্রার্থীদের ঠিকানা হতে হবে কলকাতা ও তার কাছাকাছি এলাকায়। আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ১৯ শে আগস্ট। কিভাবে আবেদন করতে হবে এবং প্রার্থীদের যোগ্যতামান সংক্রান্ত বিস্তারিত তথ্যের পূর্ণাঙ্গ বিজ্ঞাপন পাওয়া যাবে আকাশবাণী সংবাদ কলকাতা ফেসবুক ও ইনস্টাগ্রাম এবং আকাশবাণী কলকাতা এক্স হ্যান্ডেল ও ওয়েবসাইটে। আকাশবাণী ভবনের মূল রিসেপশনে নোটিশ বোর্ডেও এই সংক্রান্ত বিজ্ঞাপন টাঙানো থাকবে।

*********************

প্রশংসনীয় কর্মদক্ষতার জন্য রাজ্য পুলিশের চার শীর্ষ আধিকারিককে এবার মুখ্যমন্ত্রীর পুলিশ পদকে সম্মানিত করা হবে। প্রতিবছরই স্বাধীনতা

দিবসে এই পুলিশ পদক প্রদান করেন মুখ্যমন্ত্রী। এবছর এই পুরস্কার পাচ্ছেন বিধাননগরের পুলিশ কমিশনার মুকেশ, ডিআইজি সিকিউরিটি আভারু রবীন্দ্রনাথ, ডিসি নর্থ ইন্দিরা মুখার্জি, এবং মুখ্যমন্ত্রীর দপ্তরে ওএসডি দায়িত্বপ্রাপ্ত দেবজ্যোতি দাস।

আগামী ১৫ আগস্ট রেড রোডের কুচকাওয়াজ অনুষ্ঠান থেকে মুখ্যমন্ত্রী এঁদের হাতে এই পুরস্কার তুলে দেবেন।

*********************

স্বাধীনতা আন্দোলনে শহীদ বীর বিপ্লবী ক্ষুদিরাম বসুর আজ ১১৭-তম আত্ম বলীদান দিবস। এই উপলক্ষ্যে ক্ষুদিরাম বসুর জন্মভিটে মেদিনীপুর শহরের হবিবপুর এলাকায় তাঁর মূর্তিতে মাল্যদান করে দিনটি শ্রদ্ধার সঙ্গে পালিত হচ্ছে।

অন্যদিকে, জেলার কেশপুর ব্লকের মহবনী গ্রামে বিপ্লবীর পৈত্রিক ভিটেতে রাজ্য সরকারের পক্ষ থেকে দিনটি সাড়ম্বরে উদযাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। রাজ্যের একাধিক মন্ত্রী ও জেলা আধিকারিকরা এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। রাজ্যের অন্যান্য জেলাতেও যথাযোগ্য মর্যাদায় দিনটি পালিত হচ্ছে।

*********************

ওড়িশার নন্দন কানন জুলজিক্যাল পার্ক থেকে আলিপুর চিড়িয়াখানায় দুটি সিংহ নিয়ে আসা হচ্ছে।

গতকাল বিশ্ব সিংহ দিবস উপলক্ষ্যে আলিপুর চিড়িয়াখানার অধিকর্তা শুভঙ্কর সেনগুপ্ত জানান, ‘সেন্ট্রাল জু অথরিটি’র কাছ থেকে প্রয়োজনীয় ছাড়পত্র মিলেছে। এই উপলক্ষ্যে গতকাল চিড়িয়াখানায় একটি আলোচনা সভার’ও আয়োজন করা হয়।

*********************

ঘূর্ণাবর্ত এবং সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে রাজ্যের সবকটি জেলাতেই আগামী তিন–চারদিন হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর। মঙ্গলবার ভারী বৃষ্টির সম্ভাবনা গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে।

নদীয়ার মায়াপুর চর কাষ্ঠশালি গ্রামে বজ্রপাতে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। পাটে জাগ দেওয়ার সময় বাজ পড়লে নূর হোসেন মন্ডল নামে ওই ব্যক্তির মৃত্যু হয়। গুরুতর জখম দুজন শান্তিনগর জেলা হাসপাতালে ভর্তি।

*********************

কলকাতা প্রিমিয়ার লীগের ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট আজ জর্জ টেলিগ্রাফের মুখোমুখি হবে। খেলা শুরু দুপুর তিনটেয়।

ইন্ডিয়ান সুপার লিগ ISL-এর ২০২৪-২৫ মরশুম আগামী ১৩ ই সেপ্টেম্বর শুরু হবে। মোহনবাগান সুপার জায়ান্ট গত মরশুমে লিগ শিল্ড জয় করেছিল। ৪৮ পয়েন্ট পেয়েছিল মোহনবাগান। আইএসএল কাপ জিতেছিল মুম্বাই সিটি FC । আইএসএল শুরুর দিন ঘোষণা করা হলেও সূচি প্রকাশ করা হয়নি।

************************************************************